মেহেরপুরে পরিত্যাক্ত অবস্থায় গাঁজা উদ্ধার

মেহেরপুরে সদর উপজেলার শোলমারী গ্রামে অভিযান চালিয়ে পরিত্যাক্ত অবস্থায় ৫শ গ্রাম গাঁজা উদ্ধার করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

আজ সোমবার সকালে গোপন সূত্রে খবর পেয়ে ডিবির ইন্সপেক্টর তরিকুল ইসলামের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, সুলতান মাহমুদ সহ সঙ্গীয় ফোর্স নিয়ে শোলমারী গ্রামে অভিযান চালিয়ে পরিত্যক্ত অবস্থায় ৫০০ গ্রাম গাঁজা উদ্ধার করে।

কোটচাঁদপুর বাওড়ে মাছ লুটে বাধা দেয়ায় মৎস্য কর্মকর্তাকে লাঞ্ছিত

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার জয়দিয়া বাওড়ে মাছ লুটে বাধা দেওয়ায় দায়িত্বরত মৎস্য কর্মকর্তাকে শারিরিকভাবে লাঞ্চিত ও হামলার ঘটনা ঘটেছে।

সোমবার দুপুরে উপজেলার জয়দিয়া বাওড়ে মাছ ল্যান্ডিং এ ঘটনা ঘটে। এব্যাপারে ভুক্তভোগী বাওড় ব্যবস্থাপক মোঃ আব্দুল কাদের বাদী হয়ে ৪ জনের নাম উল্ল্যেখ পূর্বক অজ্ঞাত নামে কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন।

অভিযোগ সূত্রে জানা যায়, সোমবার (১৭ জানুয়ারী) দুপুর সাড়ে ১২ টার দিকে জয়দিয়া বাওড়ের বাৎসরিক মাছ আহরণের সময় স্থানীয় কিছু লোকজন মাছ ক্রয় করতে মাছের ল্যান্ডিং এ জড়ো হয়। এসময় এলাকার লুটবাজ, ঊশৃংখল হিসাবে পরিচিত লক্ষিকুন্ড গ্রামের খাঁন পাড়ার মোঃ লতিফের ছেলে মোঃ বাবুল খাঁন(২২) ও ভাই বিপুল খাঁন (২৫০,

আজিজুর রহমানের ছেলে সুমন (২১) ও একই এলাকার শাহিনুর রহমানের ছেলে বাবলা খাঁন (২৫) সহ অজ্ঞাত আরও ৪/৫ জন যুবক সংঘবদ্ধভাবে ল্যান্ডিং সেন্টারে প্রবেশ করে জোর পূর্বক বে-আইনীভাবে মাছ লুট করার পায়তারা করে।

এসময় অভিযুক্তরা সরকারি শর্ত না মেনে ল্যান্ডিং এ রক্ষিত বিক্রয়ের জন্য রাখা মাছ ক্রয় না করে, বাজারজাত করণের জন্য অক্সিজেন জারের মধ্যে রাখা মাছ জোর পূর্বক লুট করতে যায়। এতে আমি সহ আমার অফিসের কর্মকর্তা-কর্মচারীরা বাঁধা দিলে তারা ক্ষিপ্ত হয়ে অকথ্য ভাষায় গালিগালাজ করতে থাকে। একপর্যায়ে তারা একত্রিত হয়ে এলাপাতাড়ি কিল, ঘুষি মেরে শরীরের বিভিন্ন স্থানে জখম করে। সেই সাথে বাজারজাতের জন্য অক্সিজেন জারের মধ্যে রাখা মাছের গাড়ি আটকিয়ে জারে থাকা ৩৫ হাজার টাকার মাছের ক্ষতিসাধন করে। এছাড়াও তারা আমাদেরকে জীবন নাশের হুমকি দেয়। এসময় ঘটনাস্থলে থাকা এলাকার লোকজন এসে আমাদের কে উদ্ধার করে।

এ বিষয়ে অভিযুক্তরা বলেন, বাওড়ে মাছ আহরণ করলে এলাকার লোকজনের নিকট আগে বিক্রয় করতে হবে। আমরা এসে ছিলাম মাছ টাকা দিয়ে ক্রয় করতে। কিন্তু আমাদের নিকট মাছ বিক্রয় না করে বাহিরে মাছ পাঠাচ্ছিল।

এব্যাপারে কেটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মঈন উদ্দিন বলেন, এখনো পর্যন্ত কোন প্রকার অভিযোগ পায়নি। এবং এমন কোন ঘটনাও আমি শুনেনি। লাঞ্চিত হওয়ার ঘটনায় বাওড় ব্যবস্থাপক মোঃ আব্দুল কাদের বলেন, এব্যাপারে ওসির সঙ্গে কথা বলেই থানায় লিখিত অভিযোগ করেছি।

গাংনীর ভোলাডাঙ্গায় সরকারি জমিতে অবৈধ স্থাপনা উচ্ছেদ

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামে সরকারি জমি দখল করে অবৈধ ভাবে নির্মিত স্থাপনা উচ্ছেদ করেছেন ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমাবার দুপুরে এ উচ্ছেদ অভিযান চালান গাংনী উপজেলা সহকারি কমিশনার ভূমি নাজমুল আলম। একই সঙ্গে অবৈধ দখলদার আবুল হোসেনকে অফিসে তলব করা হয়েছে।

সুত্র জানায়, ভোলাডাঙ্গা গ্রামের মৃত সাহাজ উদ্দিনের ছেলে আবুল হোসেন ভোলাডাঙ্গা হাটের সরকারি জমির একাংশ দখল করে পাকা ঘর নির্মাণ করছিলেন। স্থানীয়দের অভিযোগের ভিত্তিতে উপজেলা সহকারি কমিশনার (ভূমি) ও পুলিশ সদস্যরা অবৈধ স্থাপনার বিষয়ে ঘটনাস্থলে গেলে আত্নগোপন করে দখলদার আবুল হোসেন। অনেক চেষ্টার পর মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগ করেও ঘটনাস্থলে উপস্থিত না হওয়ায় আবুল হোসেনের অবৈধ স্থাপনা ভেঙ্গে দেয়া হয় এবং আবুল হোসেনকে অফিসে তলব করা হয়।

স্থাপনা উচ্ছেদ অভিযানে ষোলটাকা ইউনিয়ন ভ’মি কর্মকর্তা আব্দুল রহিম, উপজেলা সার্ভেয়ার আজগর আলী,হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের সদস্যরা উপস্থিত ছিলেন।

গাংনীতে ওয়েল্ডিং ব্যাবসায়ীর ১০ হাজার টাকা জরিমানা

লোহার তৈরি দরজা সরকারি রাস্তায় রেখে জনদুর্ভোগ সৃষ্টি করার অপরাধে জিল্লুর রহমান নামের এক ওয়েল্ডিং মালিকের দশ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ সোমবার দুপুর ১২ টার সময় মেহেরপুরের গাংনীর ভোলাডাঙ্গা গ্রামে এ অভিযান পরিচালনা করেন গাংনী উপজেলা সহকারি কমিশনার(ভূমি) ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম।

জিল্লুর রহমান গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রামের মৃত পালান মালিথার ছেলে।

ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট নাজমুল আলম জানান, জন গুরুত্বপূণর্ সড়কের ওপর দির্ঘদিন যাবত লোহার তৈরি দরজা রেখে

প্রদর্শনী করে আসছিলেন ওয়েল্ডিং ব্যাবসায়ী জিল্লুর রহমান। পথচারিদের অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে গিয়ে এর সত্যতা পাওয়ায় সড়ক পরিবহন আইন ২০১৮ এর ৯১/১১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এসময় গাংনী থানা পুলিশের একটি টীম ভ্রাম্যমাণ আদলত পরিচালনা কাজে সহায়তা করেন।

মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির কম্বল বিতরণ

ফেডারেশন অব বাংলাদেশ চেম্বারর্স অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ (এফবিসিসিআই) এর সহযোগিতায় শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছে মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি।

সোমবার সকাল ১১ টার দিকে বড় বাজার হাজী মহসিন আলী রোড়স্থ্য চেম্বার কার্যলয়ে মেহেরপুর জেলার সকল বাজার সমিতির মাধ্যমে বাজারের নৈশ প্রহরী ও বিভিন্ন এলাকার হতদরিদ্রদের মাঝে এ সকল কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রির সভাপতি হাজী গোলাম রসুল উপস্থিত থেকে মেহেরপুর বড়বাজার ব্যবসায়ী সমিতি, হোটেল বাজার ব্যবসায়ী সমিতি, ওয়াবদা মোড় ব্যবসায়ী সমিতি, কলেজ মোড় ব্যবসায়ী সমিতি, তহবাজার ব্যবসায়ী সমিতি, কেদারগঞ্জ ব্যবসায়ী সমিতি, দারিয়াপুর ব্যবসায়ী সমিতি, কোমরপুর ব্যবসায়ী সমিতি, আমঝুপি ব্যবসায়ী সমিতি, বারাদি ব্যবসায়ী সমিতি, গাংনী ব্যবসায়ী সমিতি, বামুন্দি ব্যবসায়ী সমিতির নৈশ প্রহরীদের মাঝে বিতরণ করেন। এসময় মেহেরপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি‘র সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল উপস্থিত ছিলেন।

এছাড়াও মেহেরপুরের বিভিন্ন এলাকার হতদরিদ্র শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়।

দর্শনা চেকপোষ্টে ১৩ জন পাসপোর্টধারীর করোনা পজিটিভ :: ৮ জন ভারতীয়কে ফেরত

দর্শনা সীমান্তের আন্তর্জাতিক চেকপোষ্টে ১৩ জন পাসপোর্টধারী যাত্রীর শরীরে করোনা পজিটিভ পাওয়া গেছে।
গতকাল রোববার দর্শনা জয়নগর আন্তর্জাতিক চেকপোষ্ট দিয়ে ভারত হতে দেশে আগত ভারতীয় ৮ যাত্রী ও ভারত গমণ উদ্দ্যেশে যাওয়া বাংলাদেশী ৫ জন নাগরিকের শরীরে করোনা পজেটিভ ধরা পড়ে । সাথে সাথে তাদের এম্বুলেন্স যোগে আইসোলোসনে নিয়ে ভর্তি করা হয়।
জানা যায়, দর্শনা সীমান্তের জয়নগর আন্তর্জাতিক চেকপোষ্ট বন্দরের স্থাপিত স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে মেডিক্যাল বুথে প্রত্যেককে করোনার র্যাপিড এন্টিজেন টেস্ট করা হচ্ছে।
এ নমুনা পরীক্ষায় করোনা পজিটিভ হওয়ায় পাসপোর্টধারী ভারতীয় ৮ জন নাগরিককে সীমান্তের চেকপোষ্ট হতে দেশে ফেরত পাঠানো হয়েছে। সেই সাথে বাংলাদেশী ৫ জন করোনা পজিটিভ পাসপোর্টধারী যাত্রীকে আইসোলেশনে পাঠানো হয়েছে।
এদের মধ্যে ভারতীয় পাসপোর্টধারী
৮ নাগরিক হলো-স্বপন ভট্যাচার্জ, প্রদীপ বিশ্বাস, সুমন সমদ্দার, বিপ্লব অধিকারী, মফিজুর রহমান, সুদিপ্ত সানা, বাচ্চু, সঞ্জয় বিশ্বাস। আর বাংলাদেশী পাসপোর্টধারী ৫ জন নাগরিক হলো-পাবনা জেলার ঈশ্বরদীর আসলাম হোসেন, বি.বাড়িয়া জেলার আখাউড়া ইয়াসির আরাফাত, কুমিল্লা জেলার দাউদকান্দি রনু মিয়া, পাবনার শাহজাহান, যশোর বেনাপোলের কাশেম আলী।
এরা সকলে গতকাল রোববার দর্শনা আন্তর্জাতিক সীমান্তের জয়নগর চেকপোষ্ট বন্দরে পৌছালে চেকপোষ্টের
স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে প্রত্যেককে করোনার র্যাপিড এন্টিজেন টেস্ট করার সময় তাদের রিপোর্ট পজিটিভ হওয়ায় ভারতীয় পাসপোর্টধারী ৮ নাগরিকদেরকে দেশে ফেরত পাঠানো হয় এবং করোনায় আক্রান্ত বাংলাদেশী ৫ নাগিরক ব্যাক্তিদেরকে নেওয়া হয়েছে সদর হাসপাতালের আইসোলেশন ওয়ার্ডে। এদিকে বাংলাদেশী নাগরিক কাশেম আলী

গত শনিবার এই সীমান্ত দিয়ে ভারতে গমণ করেন। কিন্তু গতকাল রোববার ফেরার সময় চেকপোষ্ট

বন্দরের স্থাপিত স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে মেডিক্যাল বুথে করোনার র্যাপিড এন্টিজেন টেস্ট রিপোর্ট পজিটিভ হয়। এসময় তার নিকট একটি ভুয়া করোনা টেষ্ট রিপোর্ট পাওয়া যায়। যা সনদ যাচাইয়ের মাধ্যমে জানাযায় কাশেম আলীর রিপোর্টটি নাটোর জেলার লালপুর উপজেলার অর্জনপুর গ্রামের ১০ বছর বয়সী রায়হান আলী বিশ্বাসের।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ’র নিকট যানতে ফোন দেওয়া হলে তিনি রিসিভ না করায় বক্তব্য পাওয়া যায়নি।

দর্শনা সীমান্তের জয়নগর আন্তর্জাতিক চেকপোস্টের ইমিগ্রেশন ইনচার্জ উপ-পরিদর্শক এসআই আব্দুল আলিম জানান, করোনা পজিটিভ ১৩ জনের মধ্যে ৮জন ভারতীয় নাগরিক ও ৫জন বাংলাদেশী। এদের মধ্যে ভারতীয় নাগরিকদেরকে সীমান্ত চেকপোষ্ট বন্দরের স্থাপিত স্বাস্থ্য বিভাগের মেডিক্যাল বুথ হতেই ফেরত পাঠানো হয়েছে এবং বাংলাদেশী নাগরিকদেরকে চুয়াডাঙ্গা সদর হাসপাতালের আইসোলেশনে পাঠানো হয়েছে।

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির গাংনী এলাকার পরিচালক পদে বিজয়ী রিয়াজ আহম্মেদ বিজয়ী

মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এলাকা-১ (গাংনী) পরিচালক পদে নির্বাচনে (বৈদ্যুতিক বাল্ব) মার্কা প্রতীকে ১ হাজার, ৪শ’ ৮৬ ভোট পেয়ে উপজেলার কাজিপুর ডিগ্রী কলেজের প্রভাষক রিয়াজ আহম্মেদ বিজয়ী হয়েছেন।
একমাত্র প্রতিদ্বন্দ্বি গাংনী উপজেলার ওলিনগর গ্রামের বাসিন্দা ও বামন্দি বাজারের ব্যবসায়ী আমজাদ হোসেন (বৈদ্যুতিক সিলিং ফ্যান) মার্কা প্রতীকে পেয়েছেন ১হাজার, ২শ’ ০১ ভোট। প্রভাষক

রিয়াজ আহম্মেদ উপজেলার বাদিয়াপাড়া গ্রামের মৃত আহম্মেদ আলীর ছেলে।
রোববার (১৬ জানুয়ারী) সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত বিরতিহীন ভাবে চলে ভোট গ্রহণ।
নির্বাচনে রিটার্নিং অফিসার ও প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতির উপ-পরিচালক (কারিগরী) আবু হানিফ।
নির্বাচন কার্যক্রমে সদস্য হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে বাংলাদেশ পল্লী বিদ্যুৎ সমিতির সহকারী পরিচালক সোহেল রানা, সহকারী প্রকৌশলী এনামুল হক ও মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এজিএম (এম এস) ফরহাদ হোসেন।
নির্বাচনের মোট ভোটার সংখ্যা ৫১ হাজার, ৩শ’ ২৭ জন। এর মধ্যে ভোটাধিকার প্রয়োগ করেছে ২ হাজার,৭শ’ ০২ জন। ভোট বাতিল হয়েছে ১৫টি।
ভোটারদের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত হওয়ায় পর প্রভাষক রিয়াজ আহম্মেদ কিছুটা আবেগ আপ্লুত হয়ে পড়েন। এলাকাবাসী যে দায়িত্ব তাকে দিয়েছেন তিনি যেন তা সততা ও সুনামের সাথে পালন করতে পারেন সে জন্য সকলের সহযোগিতা কামনা করেছেন।
প্রভাষক রিয়াজ আহম্মেদ এলাকা- (গাংনী) পরিচালক পদে নির্বাচিত হওয়ায় উপজেলার বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ তাকে অভিনন্দন জানিয়েছেন।

মেহেরপুরে নতুন এক জন করোনা আক্রান্ত

মেহেরপুর জেনারেল হাসপাতালে এন্টিজেন টেস্ট রেজাল্টে নতুন ১ জনের করোনা আক্রান্তের খবর পাওয়া গেছে। এনিয়ে মেহেরপুরে বর্তমানে ১২ জন পজিটিভ রোগী রয়েছেন।

আজ শনিবার জেলা স্বাস্থ্য বিভাগের দেওয়া তথ্যে করোনা আক্রান্তের খবর নিশ্চিত হওয়া গেছে। আক্রান্ত ব্যক্তি মেহেরপুর সদরের।

ভিন্ন সূত্রে পাওয়া আক্রান্তরা হলেন: সদর উপজেলার রাজাপুর গ্রামের মনিরুল ইসলাম (৫৬)।

শুরু থেকে এপর্যন্ত সর্বমোট আক্রান্তের সংখ্যা – ৪৮২৬ (সদর

২২৪৭, গাংনী ১৮৫৫, মুজিবনগর ৭২৪)। এযাবৎ মোট মৃত্যু ১৮২ (সদর ৮৪ গাংনী ৫৮ মুজিবনগর ৪০)।

বাঁধাকপির বিদেশযাত্রা

সবজি উৎপাদনের জেলা মেহেরপুরের বাঁধাকপি রপ্তানি হচ্ছে এশিয়ার মহাদেশের কয়েকটি দেশে। ফলে বৈদেশিক মুদ্রা অর্জনের আরো একটি নতুন দুয়ার তৈরি হয়েছে গেল দুবছর ধরে। ২০২০ সালে প্রথম মেহেরপুরের বাঁধাকপি মালয়েশিয়ায় রপ্তানি করা হয়। এবছর মালয়েশিয়ার সঙ্গে বাঁধাকপি রপ্তানি হচ্ছে সিঙ্গাপুর, ভিয়েতনাম, ইন্দোনেশিয়া, তাইওয়ানসহ বেশ কয়েকটি দেশে। এছাড়াও মেহেরপুরে উৎপাদিত বাঁধাকপির ব্যাপক চাহিদা রয়েছে দেশের অন্যান্য জেলাগুলোতেও।

দেশে ও বিদেশে নিরাপদ সবজির ব্যাপক চাহিদা রয়েছে। নিরাপদ সবজি উৎপাদনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে মেহেরপুর। বাঁধাকপির চাষীরা আর্থিকভাবে লাভবান হচ্ছেন। অন্যদিকে তাদের উৎপাদিত বাঁধাকপি বিদেশে রপ্তানি করে বৈদেশিক মুদ্রা অর্জনের মাধ্যমে দেশের অর্থনীতিতে রাখছে বিশেষ ভূমিকা।

জানা গেছে, মেহেরপুরের সাহারবাটি, বন্দর, মোনাখালি, সোনাপুর, কাথুলিসহ গাংনীর বিভিন্ন গ্রামে এই কপির আবাদ হচ্ছে। আর্থিক লাভের কথা চিন্তা করে সবজি উৎপাদনে আগ্রহী হচ্ছেন এ অঞ্চলের কৃষকরা। প্রতিদিন মেহেরপুর থেকে ৩০-৩৫টি গাড়ি লোড হচ্ছে চিটাগাংয়ের উদ্দেশ্যে। যা চিটাগাং থেকে সুমদ্র পথে সিঙ্গাপুর, মালয়েশিয়া, ভিয়েতনাম ও ইন্দোনেশিয়ায় রপ্তানি হচ্ছে। দেশের বাজারে এক ট্রাক বাঁধাকপিতে চাষী পেত ৪০-৪৫ হাজার টাকা। কিন্তু বর্তমানে দেশের বাইরে বিক্রি করে চাষী পাচ্ছে ৭০ থেকে ৮০ হাজার টাকা।

বাঁধাকপি

জেলা কৃষি অফিস সূত্রে জানা গেছে, জেলাতে এক হাজার হেক্টর জমিতে বাঁধাকপি চাষ করেছেন কৃষকরা। সাধারণত শীতের মধ্যেই বাঁধাকপির চাষ ও হারভেস্টিং শেষ হয়ে যায়। জানুয়ারির শেষ পর্যন্ত বাঁধাকপি শেষ হয়ে যায়। এ লক্ষে মেহেরপুরের চাষিরা জমিতে কীটনাশক সহনশীল ও নিরাপদ সবজি বাঁধাকপি চাষ করছেন। চলতি মৌসুমে চারটি দেশ ১৫০০ মেট্রিক টন বাঁধাকপির নেয়ার চাহিদা দিয়েছে রপ্তানিকারক প্রতিষ্ঠানকে। সে মোতাবেক সরবরাহ করা হবে সিঙ্গাপুর, মালয়েশিয়া ভিয়েতনাম ও ইন্দোনেশিয়ায়। কৃষকদের কাছ থেকে কপিগুলো সংগ্রহ করছেন রপ্তানীকারকরা। ক্ষেত থেকে সাদা কাগজে মুড়িয়ে বস্তা ভর্তি করে রপ্তানী উপযোগী করা হচ্ছে বাঁধাকপি। রপ্তানীকারকদের মাধ্যমে বাঁধাকপি বিক্রি করে অনেক বেশি লাভবান হচ্ছেন কৃষকরা। রপ্তানীকারকরা কৃষকের জমি থেকেই নিরাপদ বাঁধাকপি সংগ্রহ করেছেন।

রফতানিকারক প্রতিষ্ঠানের কোয়ালিটি কন্ট্রোল শাখা থেকে জানা গেছে, চারা রোপণের পর থেকে কপি সংগ্রহ করা পর্যন্ত নিবিড় পরিচর্যার মাধ্যমে রফতানি উপযোগী করে তোলা হয়। এবারে রফতানিতে সফল হলে আগামী বছর আরও অনেক সবজি রফতানি করার আশাবাদ ব্যক্ত করেন তিনি।

মেহেরপুর সদর উপজেলার আমদহ গ্রামের চাষি বাবর আলী বলেন, আমার দেড় বিঘা জমিতে বাঁধাকপি চাষ করেছি। জমি থেকেই এক ব্যবসায়ী কিনে নিয়েছেন। নেওয়ার পর তারা সাদা প্যাকেটে মুড়িয়ে বস্তাবন্দি করে ট্রাকে নিয়ে যান চট্রগ্রাম বন্দরে। আমি দেড় বিঘা জমির বাঁধাকপি বিক্রি দিয়েছি ৮০ হাজার টাকায়। আমার খরচ হয়েছিলো ৩০ হাজার টাকা।

মোনাখালী গ্রামের ব্যবসায়ী আব্দুল খালেক বলেন, আমার নিজের ট্রাক আছে। কৃষকের কাছে থেকে কিনে আমিন ট্রেডার্স নামের দিনাজপুরের একটি রফতানিকারক প্রতিষ্ঠানের কাছে বিক্রি করে দিই। আবার অনেক সময় রফতানিকারক প্রতিষ্ঠানের কর্মীরাও এসে সরাসরি কৃষকের কাছে থেকে কিনে ট্রাক লোড করে নিয়ে যায়। প্রতি গাড়ি ৭০-৭৫ হাজার টাকায় বিক্রি হয়। দেশের বাইরে এগুলো যাচ্ছে তাই চাষিরা এমন দাম পাচ্ছে। তা না হলে ৪০-৪৫ হাজার টাকা দাম হতো।

মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ পরিচালক স্বপন কুমার খাঁ বলেন, আমাদের নিরাপদ সবজির বাজার তৈরি করতে পারলে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জন করা সম্ভব হবে। এবছর মালয়েশিয়া, সিঙ্গাপুর, ভিয়েতনাম ও তাইওয়ানে নিরাপদ সবজি হিসেবে বাঁধাকপি বাংলাদেশ থেকে রফতানি হচ্ছে। অন্যান্য দেশেও বাড়ছে নিরাপদ এই সবজির চাহিদা।

কোনভাবেই যেনো এ সুযোগ হাতছাড়া না হয় সে বিষয়ে সকলকে সজাগ দৃষ্টি রাখতে হবে।

কিডনী রোগে আক্রান্ত মেধাবী ছাত্রী তানিয়া বাঁচতে চাই

ঝিনাইদহ সদর উপজেলার নলডাঙ্গা ইউনিয়নের মেধাবী চাত্রী তানিয়া কিডনী রোগে আক্রান্ত হয়ে মৃত্যুর সাথে পাঞ্জা লড়ছে। গত ৩ মাস ধরে কিডনী রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে অবস্থান করছে। সে নলডাঙ্গা গ্রামের স্কুল পাড়ার বাসিন্দা মহিউদ্দীন মহির মেয়ে।

গোল্ডেন জিপিএ ৫ পাওয়া এই ছাত্রী কেসি কলেজের ম্যাথের শেষ বর্ষের ছাত্রী। হঠাৎ করেই কিডনী রোগে আক্রান্ত হয়ে নিজ বাড়িতে অবস্থান করছে। বাবা-মায়ের সাধ্যের মধ্যে চিকিৎসা চললেও উন্নত চিকিৎসার জন্য সপ্তাহে ৩০ থেকে ৪০ হাজার টাকা ব্যয়ভার পরিবারের পক্ষে সংকুলান করা কিছুতেই সম্ভব হচ্ছে না।

কাঁচা মালের ব্যবসার উপর চলে ৬ জনের সংসার। দিন আনা দিন খাওয়া মানুষ মহি। অভাবী সংসারে মেয়ে তানিয়া কিডনী রোগে আক্রান্ত হয়ে বিছানায় ছটফক করছে। কিডনী ডায়ালেসিস ও প্রতিস্থাপন করার পরামর্শ দিয়েছে ডাক্তাররা।মেধাবী মেয়ের বিনা চিকিৎসায় ছটফট যন্ত্রনা বাবা-মা কিছুতেই সইতে পারছে না।

তাই প্রতিবেশীদের মাঝে ও শোকের ছায়া দেখা গেছে। সাধ্যের মধ্যে সবটুকু করলেও চিকিৎসার সংকুলান করা সম্ভব হচ্ছে না। চোখের জল তাদের একমাত্র সম্বল হয়ে দাড়িয়েছে।

তানিয়ার পরিবার মনে করেন,সমাজের বৃত্তশালী ব্যক্তিবর্গ,আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব ও রাষ্ট্র এগিয়ে এলে আমার মেয়েকে বাঁচানো সম্ভব।